

কুমিল্লা বোর্ডের এইচএসসি পরীক্ষা '০২

## আড়াই সহস্রাধিক পরীক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা

কুমিল্লা সংবাদদাতা ॥ কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ২০০২ সনের উচ্চমাধ্যমিক পরীক্ষায় অসমুপায় অবলম্বনের দায়ে ২ হাজার ৮৫৭ জন পরীক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বোর্ডের আইন-শৃঙ্খলা

বিধান কমিটি প্রাপ্ত অভিযোগ ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে এ সকল পরীক্ষার্থীকে দোষী সাব্যস্ত করে বোর্ডের অনুমোদন সাপেক্ষে এ শাস্তি প্রদান করে।

এ শাস্তির আওতায় ২ হাজার ৬৯২ জন পরীক্ষার্থীর ২০০২ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা বাতিল ঘোষণা করা হয়। তবে তারা ইচ্ছে করলে এবং রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকলে ২০০৩ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় নিজ নিজ কলেজের মাধ্যমে অপরাপর পরীক্ষার্থীদের ন্যায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশ নিতে পারবে।

### কুমিল্লা বোর্ডের (১১শ পৃ: পর)

রাখার সিদ্ধান্ত নেয়। তবে তারা ইচ্ছে করলে এবং রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকলে ২০০৪ সনের পরীক্ষায় অপরাপর প্রার্থীদের মতো অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশ নিতে পারবে। কমিটি ৪ জন পরীক্ষার্থীর ২০০২ সনের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা বাতিল এবং ২০০৩ ও ২০০৪ সনের পরীক্ষায় অংশ গ্রহণ হতে বিরত রাখার সিদ্ধান্ত নেয়। তবে তারা ইচ্ছে করলে এবং রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকলে ২০০৫ সনের পরীক্ষায় অপরাপর পরীক্ষার্থীদের মতো অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশ নিতে পারবে। কমিটি ৭ জন পরীক্ষার্থীকে ২০০২ সনের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা বাতিল এবং ২০০৩, ২০০৪ ও ২০০৫ সনের পরীক্ষায় অংশগ্রহণ হতে বিরত রাখার সিদ্ধান্ত নেয়।

বোর্ডের শৃঙ্খলা বিধান কমিটি ১৫৪ জন পরীক্ষার্থীর ২০০২ সনের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা বাতিল এবং ২০০৩ সনের পরীক্ষায় অংশ গ্রহণ থেকে বিরত  
(১২শ পৃ: অঃ)